



001

## বাকসু নির্বাচন ॥ প্রচার অভিযান শেষ পর্যায়ে

॥ মো: জিল্লুর রহমান ॥  
 ময়মনসিংহ, ২রা এপ্রিল।--  
 বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়  
 চত্বরে নির্বাচনী প্রচারণা এখন  
 শেষ পর্যায়ে। মিছিল, গিটিং,  
 পোষ্টার, ফেট্টন/আর আলপনায়  
 কৃষি বিশ্ববিদ্যালয় এখন নতুন  
 সাজে সজ্জিত। দীর্ঘ দশ বছর  
 পর বাকসু-এর নির্বাচন অনু-  
 ঠিত হচ্ছে।  
 আসন্ন নির্বাচনে বাকসুর ১৫টি  
 পদের জন্য ৯০জন এবং ৯টি  
 হলের ১৪টি করে পদের জন্য  
 ৬৪৮জন প্রতিদ্বন্দ্বিতা করছেন।  
 এর মধ্যে ত্রি-দলীয় ঐক্যজোট  
 হয়েছে ২টি। জোটগুলি হচ্ছে  
 বাংলাদেশ ছাত্রলীগ (সু-ব),  
 বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও  
 জাতীয় ছাত্রলীগ যৌথভাবে ফায়ে-  
 জুল-দাদন পরিষদ, সমাজতান্ত্রিক  
 ছাত্রফ্রন্ট, বাংলাদেশ ছাত্রলীগ  
 (মু-না) ও বাংলাদেশ ছাত্র  
 ঈমতী যৌথভাবে শামসুল-রতন  
 পরিষদ, বাংলাদেশ জাতীয়-  
 তারাদী ছাত্র দলের সুমন-  
 কিস্তক পরিষদ, বাংলাদেশ  
 ছাত্র শিবিরের রুব্বানী-আলিম-  
 গীর পরিষদ ও বিপ্লবী ছাত্র  
 মঞ্চ-এর জসি-চঞ্চল পরিষদ।  
 শিক্ষাক্রমে সুষ্ঠু পরিবেশ  
 ফিরিয়ে আনা, বিশ্ববিদ্যালয়ের  
 ১৯৭৩ সনের অধ্যাদেশ পুনঃ  
 বহাল, ছাত্র বৃত্তি বৃদ্ধি, হলগুলিতে

সারসিডি প্রদান বৃদ্ধি, পরীক্ষা  
 পদ্ধতির সংস্কার সাধন, বিজ্ঞান-  
 গারে সুবিধা বৃদ্ধি, চাকরিতে  
 বয়সের সীমাসীমা ৩০ বৎসর,  
 জাতীয় নীতিমালা অনুসারে ছাত্র  
 ভতি, সাবেক ভি.সি'র দুর্নীতির  
 জন্য বিচার বিভাগীয় তদন্ত টিম  
 গঠন, দোষী ব্যক্তিদের শাস্তি  
 প্রদান এবং সাম্প্রদায়িক ও  
 স্বৈরাচার বিরোধী আলোচন  
 জোরদার করার দাবী নিয়ে  
 বিভিন্ন ছাত্র সংগঠন এবারের  
 নির্বাচনে প্রার্থী হয়েছেন। এর-  
 মধ্যেই বিভিন্ন ছাত্র সংগঠন তাদের  
 পরিচিতি সভা শেষ করে।  
 আগামী ৪ঠা এপ্রিল বাকসু  
 ও ৯টি হলের নির্বাচন অনুষ্ঠিত  
 হবে। এতে ৩৮৩০জন ছাত্র-  
 ছাত্রী ভোট প্রদান করবে।  
 উক্ত নির্বাচনে কড়া নিরাপত্তা  
 ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।  
 নির্বাচনের প্রাক্কালে উপাচার্য  
 ড: আসাদুর রহমান ছাত্র-ছাত্রী-  
 দের পরম সহিষ্ণুতা ও শান্তিপূর্ণ-  
 তাতে নির্বাচনের মাধ্যমে গণ-  
 তন্ত্রের আদর্শ স্থাপন করার  
 জন্য আহ্বান জানিয়েছেন।  
 নির্বাচন কমিশন জানিয়েছেন  
 যে, ৪ঠা এপ্রিল সকাল ৮টা হতে  
 দুপুর ১২টা পর্যন্ত ভোট গ্রহণ  
 করা হবে এবং এই দিন বিকাল  
 ৩টা হতে ভোট গণনার কাজ  
 শুরু হবে।